

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০০৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. দিতীয় অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اقْتُلُوا الْأَسْوَدَيْنِ فِي الصَّلَاةِ الْحَيَّةَ وَالْعَقْرَبَ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَلِلنَّسَائِيِّ مَعْنَاهُ

বাংলা

১০০৪-[২৭] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতরত অবস্থায়ও দু' 'কালোকে' হত্যা করো অর্থাৎ সাপ ও বিচ্ছুকে। (আহমাদ, আবূ দাউদ, আবূ দাউদ, তিরমিযী, নাসায়ী অর্থের দিক দিয়ে)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৯২১, আত্ তিরমিয়ী ৩৯০, নাসায়ী ১২০২, ইবনু মাজাহ্ ১২৪৫, সহীহ আল জামি' ১১৪৭, আহমাদ ১০১১৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সালাতরত অবস্থায় সাপ ও বিচ্ছু হত্যা করার এ নির্দেশ বাধ্যতামূলক নয় বরং তা মুসতাহাব। অথবা এ নির্দেশ বৈধতার অনুমতি। এ নির্দেশ বাধ্যতামূলক না হওয়ার কারণ আবূ ইয়া'লা ও ত্ববারানী কর্তৃক 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত হাদীস।

'আয়িশাহ্ (রাঃ) বলেনঃ 'আলী ইবনু আবূ ত্বালিব রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এমন সময় পৌঁছালেন যে, তখন তিনি সালাতে রত ছিলেন। অতএব 'আলী (রাঃ) তাঁর পাশে দাঁড়িয়ে তাঁর সাথে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেন। এমন সময় একটি বিচ্ছু এসে নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে অতিক্রম করে তা 'আলী (রাঃ) এর কাছে পৌঁছাল। অতঃপর 'আলী (রাঃ) স্বীয় জুতার আঘাতে তা হত্যা করলেন। এতে রসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কোন দোষ ধরেননি। ইমাম হায়সামী (রহঃ) বলেনঃ আবূ ইয়া'লার



বর্ণিত এ হাদীসের রাবীগণ সহীহ হাদীস বর্ণনাকারী রাবী মু'আবিয়াহ্ ইবনু ইয়াহ্ইয়া ব্যতীত। তবে যুহরী (রহঃ) থেকে তার বর্ণিত হাদীস সঠিক যেমনটি ইমাম বুখারী (রহঃ) বলেছেন। আর হাদীসটি যুহরী থেকে বর্ণিত মু'আবিয়ার হাদীস।

হাদীসের শিক্ষাঃ

- ১. সালাতরত অবস্থায় সাপ ও বিচ্ছু হত্যা করা বৈধ। জমহূর 'আলিমগণের অভিমত এটাই। ইব্রাহীম নাখ'ঈ-এর মতে তা মাকরহ।
- ২, সালাতরত অবস্থায় সাপ অথবা বিচ্ছু হত্যা করলে সালাত ভঙ্গ হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন